

শ্রীশ্রীহরি সঙ্গীত

- ৩। নিষ্কাম সুখ বড় আনন্দ, তাতে নাই কামের গন্ধ,
যে জন ভবে করেছে, সেই মদনকে বন্ধ।
ও তার হৃদয় দোলে প্রেমানন্দ, নিরানন্দ নাই কখন।।
- ৪। ও যার গুরুতে আর্তি ও তার অখণ্ড রতি,
দিবানিশি দেখতে পায় সে রসরাজ মূর্তি।
সে প্রাপ্ত হয়ে প্রেম পিরীতি যুগল সেবার মহাজন।।
- ৫। গৌসাই তারকচন্দ্র কয়, যেজন উর্দ্ধরেতা হয়,
কাম গন্ধহীন প্রেম পিরীতি, সেই সে প্রাপ্ত হয়।
ওরে অশ্বিনী মোহিনীর মায়ায়, কাম কূপে হলি পতন।।

৯১ নং তাল-একতালা

ধন্যরে যুগ পুষ্পবন্ত কলিকাল।

মানব দেহ ধরি দয়াল হরি, হ'ল যশোমন্ত দুলাল।।

- ১। শ্রীধাম ওড়াকান্দি হরি, হ'ল প্রকাশ,
পাপ তাপ দূরে, গেল তিমির বিনাশ।
ভকত চকোর যারা, সুধাপানে মাতোয়রারা
পেয়ে প্রেম সুধারস, জগৎ হইল বশ,
প্রেমানন্দে বাড়ায় উল্লাস (হায় গো)
পু'ব্লরে মনের অভিলাষ, ফিব্লরে চাঁদের কপাল।।
- ২। অনর্পিত চরিং চিরাৎ যে ধন বাকী ছিল,
এই না দয়াল অবতারে, সে ধন বিলাইল।
কেউ না বাকী র'ল, প্রেম সুধা সবে পেল,
যারে দেখে আপন কাছে, করে ধরে প্রেম যাচে,
এমন দয়াল আর কি ভবে আছে (হায় গো)
জীবের কৰ্ম বন্ধ গেল ঘুচে, এলরে পরম দয়াল।।